গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

# হাইড্রোকার্বন ইউনিট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের দ্বিতীয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১২.০২. ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম প্ল্যাটফর্ম) |
| উপস্থিতি | রেকর্ডেড |

২.০। আলোচনাঃ

২.১। হাইড্রোকার্বন ইউনিট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের দ্বিতীয় সভায় সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনদের অবহিতকরন সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। সভাপতি বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানগুলো আমাদের স্টেকহোল্ডার। আপনাদের প্রেরিত তথ্য ও উপাত্ত যাচাই বাছাইপূর্বক জ্বালানি খাত সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের প্রতিবেদন আমরা প্রস্তুত করে থাকি। এছাড়া তথ্য অনুসন্ধানের নিমিত্তে আমাদের পারস্পরিক যোগাযোগ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। সভাপতি আরো বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর চাহিদা মোতাবেক হাইড্রোকার্বন ইউনিট ইতোমধ্যে ইএমারডি অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড, জ্বালানি ও খনিজ সম্পদ এর আইন, বিধি ও নীতিমালার সংকলন, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন এবং বিপিসি ও এর আওতাধীন কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন প্রস্তুত করেছে।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (পেট্রোবাংলা) এর প্রতিনিধি  তাদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও অভিযোগ নিষ্পত্তিকরণের প্রক্রিয়া সম্পর্কে বলেন, গ্যাস কানেকশন সংক্রান্ত যে সব অভিযোগগুলো আসে, সেই সব অভিযোগগুলো যেসকল প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত  সেসকল প্রতিষ্ঠান বরাবর অভিযোগগুলো পাঠানো হয় এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়। তিনি আরও জানান, প্রতিষ্ঠানগুলো যথাসময়ে অভিযোগ নিষ্পত্তি করে পেট্রোবাংলা-কে নিয়মিত রিপোর্ট প্রদান করে। সর্বশেষ হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই মর্মে অভিমত ব্যক্ত করেন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর প্রতিনিধি জানান যে তারা সবসময়ই হাইড্রোকার্বন ইউনিট থেকে  সহযোগিতা পেয়েছেন। হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই মর্মে অভিব্যক্ত করেন।

সভাপতি বলেন, ভার্চুয়াল মিটিং বা প্রশিক্ষণে প্রতিনিধিরা অংশগ্রহণ করলেও অনেক সময় দেখা যায় অডিও এবং ভিডিও অফ করে

অন্য কাজে ব্যস্ত হয়ে পড়েন, যার ফলে সিদ্ধান্ত গ্রহণের সময় সংশ্লিষ্ঠ প্রতিনিধির মতামত পাওয়া যায় না। এধরনের উপস্থিতি পরিত্যাগ করে তিনি সভা/ সেমিনার/প্রশিক্ষণে সংযুক্ত সকলের সরব উপস্থিতির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

৩.০ সভায় সকলের অংশগ্রহণের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। হাইড্রোকার্বন ইউনিট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রতিটি সূচকের কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।

৩.২। জিআরএস সফটওয়্যার নিয়মিত মনিটর করতে হবে এবং কোন অভিযোগ (অনলাইন অথবা অফলাইন মাধ্যমে) আসলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

১৭-০২-২০২৩
ড. মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০১৭২০৩০৯২৫০
rafiqjp@gmail.com

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.২৭.০০১.২১.৬৭৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৭। সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন;
৮। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর;
৯। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) ;
১০। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড;
১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল);
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড;
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড;
১৯। ম্যানেজিং ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড;
২০। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এবং
২১। অফিস কপি।

১৭-০২-২০২৩
ড. মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)